**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৩ ফেব্রুয়ারি ২০১৬, ১১ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গণতন্ত্র ধ্বংসে জড়িতদের বিচার হবে : প্রধানমন্ত্রী

২। দেশ এখন মজবুত অর্থনীতির ওপর দাঁড়িয়ে : রাষ্ট্রপতি

৩। মন্ত্রিসভায় জেলা জজদের বেতন বৃদ্ধির প্রস্তাব অনুমোদন

৪। মুক্তিযোদ্ধাদের জন্য ১০ হাজার ফ্ল্যাট তৈরি করা হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৫। জাতিসংঘের শুভেচ্ছাদূত হচ্ছেন মাশরাফি

৬। পোশাক খাতের কর্পোরেট কর কমানো হবে : বাণিজ্যমন্ত্রী

৭। বেসরকারি বিনিয়োগ বেড়েছে ১০শতাংশ : জিডিপির চূড়ান্ত হিসেবে প্রকাশ

৮। মধ্যপ্রাচ্যসহ প্রায় সব দেশ থেকেই কমেছে রেমিটেন্স

৯। সন্ত্রাস দমনে যুক্তরাষ্ট্র-বাংলাদেশ একসঙ্গে কাজ করবে : বার্নিকাট-আইজিপি বৈঠকে

১০। এটিএম বুথে জালিয়াতির ঘটনায় তিন ব্যাংক কর্মকর্তা ও এক বিদেশি রিমান্ডে

চলমান পাতা-২

১। **গণতন্ত্র ধ্বংসে জড়িতদের বিচার হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ওয়ান ইলেভেনের সময় প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা ডিজিএফআইয়ের দালালদের বিচারের আওতায় আনার কথা জানিয়ে বলেছেন, যুদ্ধাপরাধীদের যেমন বিচার হচ্ছে, ঠিক সেভাবে গণতন্ত্র ও সংবিধান ধ্বংসের ষড়যন্ত্রের সঙ্গে জড়িত থাকার জন্য একদিন তাদেরও বিচার হবে। এছাড়া ওয়ান ইলেভেনের সময় দেশ বিরোধী কর্মকাণ্ডে জড়িতদের বিচারের ভার দেশের জনগণের ওপরও ছেড়ে দেন তিনি। মহান একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ইত্তেফাক, সমকাল, সংবাদ, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, অবজারভার,** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **দেশ এখন মজবুত অর্থনীতির ওপর দাঁড়িয়ে: রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, সীমান্ত চুক্তি ও সমুদ্র বিজয়ের ঘটনা বাংলাদেশকে এক নতুন উচ্চতায় নিয়ে গেছে। দেশ এখন মজবুত অর্থনীতির ওপর দাঁড়িয়ে। পদ্মা সেতুর মতো বৃহৎ প্রকল্প এ সরকার বাস্তবায়ন করছে। উন্নয়নের এ ধারাকে অব্যাহত রাখতে হলে আমাদের নিরলসভাবে কাজ করতে হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার জামালপুর সরকারি আশেক মাহমুদ কলেজের ৭০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রাধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.২),
**ডেইলি সান** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** ( পৃ.৪,ক.১) ।

৩। **মন্ত্রিসভায় জেলা জজদের বেতন বৃদ্ধির প্রস্তাব অনুমোদন**

অষ্টম বেতন স্কেলের সঙ্গে সমন্বয় করে নিম্ন আদালতের বিচারকদের বেতন ও সুযোগ সুবিধা বাড়ানোর প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস সদস্যদের বেতন ভাতা এবং অন্যান্য সুযোগ সুবিধা নির্ধারণ প্রস্তাব' অনুমোদন দেওয়া হয়। ফলে নিম্ন আদালতের বিচারকরা চাকুরিতে প্রবেশের পর ৩০ হাজার ৯৩৫ টাকা মূল বেতন পাবেন। আর জ্যেষ্ঠ জেলা জজদের সর্বনিম্ন মূল বেতন হবে ৭৮ হাজার টাকা। পাশাপাশি মন্ত্রিসভা 'বৃক্ষ সংরক্ষণ আইন-২০১৬' এর খসড়া নীতিগত অনুমোদন এবং 'চা আইন ২০১৬' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২),
**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** ( পৃ.১,ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **মুক্তিযোদ্ধাদের জন্য ১০ হাজার ফ্ল্যাট তৈরি করা হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযোদ্ধার আবাসনের জন্য ১০ হাজার ফ্ল্যাট নির্মাণ করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার জাতীয় সংসদের নবম অধিবেশনের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **প্রথম আলো** (পৃ.১৭,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

৫। **জাতিসংঘের শুভেচ্ছাদূত হচ্ছেন মাশরাফি**

প্রথম বাংলাদেশি হিসেবে জাতিসংঘের উন্নয়ন প্রকল্পের (ইউএনডিপি) জাতীয় যুব শুভেচ্ছাদূত হচ্ছেন বাংলাদেশের সীমিত ওভারের অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা। গত মাস খানেক ধরেই মাশরাফির সাথে এ ব্যাপারে যোগাযোগ করছেন ইউএনডিপির কর্মকর্তারা। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যায় ইউএডিপি এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে মাশরাফির শুভেচ্ছাদূত হওয়ার বিষয়টি নিশ্চিত করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৬। পোশাক খাতের কর্পোরেট কর কমানো হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, পোশাক খাতের কর্পোরেট কর কমানো হচ্ছে। শীঘ্রই এ সিদ্ধান্ত ঘোষণা করা হবে। সিদ্ধান্ত অনুযায়ী পোশাক খাতে কর্পোরেট কর হার ৩৫ শতাংশ থেকে ১০ শতাংশে নামিয়ে আনা হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর পান্থপথ বিজিএমইএ কার্যালয়ে এ বিলুপ্ত ছিটমহলের ২৯ নাগরিককে পোশাক খাতে চাকরির নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৩)।

**৭। বেসরকারি বিনিয়োগ বেড়েছে ১০শতাংশ : জিডিপির চূড়ান্ত হিসেবে প্রকাশ**

রাজনৈতিক অস্থিরতা, হরতাল-অবরোধ সত্ত্বেও গত অর্থবছরে ( ২০১৪-১৫) বেসরকারি বিনিয়োগ ১০ শতাংশ বেড়েছে। গত অর্থবছরে দেশি-বিদেশি উদ্যোক্তারা চলতি মুল্যে ৩ লাখ ৩৪ হাজার ৪৭২ কোটি টাকা বিনিয়োগ করেছেন। আগেরবার এর পরিমাণ ছিল ৩ লাখ ৮৩ হাজার ৯৯৩ কোটি টাকা। এক বছরের ব্যবধানে বিনিয়োগ বেড়েছে প্রায় সাড়ে ৩৮ হাজার কোটি টাকা বেশি। এটি এক বছরে বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির রেকর্ড। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গত অর্থ বছরের মোট দেশজ উৎপাদনের চূড়ান্ত হিসাব প্রকাশ করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.৫)।

**৮। মধ্যপ্রাচ্যসহ প্রায় সব দেশ থেকেই কমেছে রেমিটেন্স**

চলতি বছরের জানুয়ারি মাসে রেমিটেন্স প্রেরণকারী প্রায় সব দেশ থেকেই কমেছে প্রবাসী আয়। তবে প্রবাসী আয়ে বড় ভূমিকা রাখা দেশগুলো থেকেই বেশি কমেছে। তবে বরাবরের মতো জানুয়ারি মাসেও সৌদি আরবই রেমিটেন্স প্রেরণে শীর্ষস্থান ধরে রেখেছে। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত দেশভিত্তিক রেমিটেন্সসংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৭)।

**৯। সন্ত্রাস দমনে যুক্তরাষ্ট্র-বাংলাদেশ একসঙ্গে কাজ করবে : বার্নিকাট-আইজিপি বৈঠকে**

সন্ত্রাসবাদ দমনে বাংলাদেশ পুলিশ ও যুক্তরাষ্ট্র একসঙ্গে কাজ করবে। দুই দেশের মধ্যে ইন্টেলিজেন্ট, প্রযুক্তি, প্রশিক্ষণ বিনিময়ে মাধ্যমে ওই সহযোগিতা জোরদার করা হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি সোমবার পুলিশ হেডকোয়ার্টার্সে ইন্সপেক্টর জেনারেল (আইজিপি) একেএম শহীদুল হকের সঙ্গে মার্কিন রাষ্ট্রদূত মার্শা এসবি বার্নিকার্ট ঘন্টাব্যাপী সাক্ষাৎকালে উভয়ে এই মত পোষণ করেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮)।

**১০। এটিএম বুথে জালিয়াতির ঘটনায় তিন ব্যাংক কর্মকর্তা ও এক বিদেশি রিমান্ডে**

ব্যাংকের এটিএম বুথে কার্ড জালিয়াতির সঙ্গে জড়িত থাকার অভিযোগে একজন বিদেশি নাগরিক ও তিন জন ব্যাংক কর্মকর্তাকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল ২২ফেব্রুয়ারি সোমবার তাদের আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ডের আবেদন করেছিল পুলিশ। আদালত প্রত্যেককে ৬ দিন করে রিমান্ড মঞ্জুর করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ, ভোরের কাগজ, ডেইলি সান, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, ইনকিলাব, যুগান্তর, ভোরের কাগজ, যায়য়ায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজ, অবজারভার, নিউ নেশন** : ধর্মীয় সম্প্রদায় ও গোষ্ঠীর বিরুদ্ধে হামলার ধারাবাহিকতায় দুর্বৃত্তদের হামালায় পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার একটি মঠের অধ্যক্ষ নিহত ও আরেকজন সাধু আহত হওয়ার ঘটনার নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনা সংঘটনকারীদের গ্রেফতার করে দ্রুত বিচার দাবি।

খ. **ইত্তেফাক** : আমাদের ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের শহিদদের স্মৃতি সংরক্ষণে কোনো প্রকার অবহেলা প্রদর্শন না করে এগুলো যথাযথ রক্ষণাবেক্ষণ ও উত্তরোত্তর উন্নয়নের ব্যবস্থা নিশ্চিত করার আহ্বান।

গ. **জনকণ্ঠ** : বাংলাদেশি তরুণ কম্পিউটার বিজ্ঞানী সাইফ সালাউদ্দিন মার্কিন প্রেসিডেন্টের প্রেসিডেন্সিয়াল আর্থি ক্যারিয়ার ফর সায়েন্টিটিস্ট অ্যান্ড ইঞ্জিনিয়ার্স পিকেইস (পিইসিএএসএ) অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হওয়ায় অভিনন্দন জানিয়ে বাংলাদেশের তরুণ বিজ্ঞানীরা এই পথ অনুসরণ করে দেশ ও জাতির জন্য গৌরব বয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সংবাদ** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক হলগুলোর বেশির ভাগ কক্ষই বহিরাগতদের দখলে উল্লেখ করে এসব অছাত্রদের বের করে দিয়ে মেধা অনুযায়ী ছাত্রদের মধ্যে তা বণ্টন করে লেখাপড়ার সুস্থ পরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ।

ঙ. **সমকাল** : চুয়াডাঙ্গায় আলমডাঙ্গা উপজেলার সৃজনী মাধ্যমিক বিদ্যাপীঠের ২৯ ছাত্রী গত এক বছরে বাল্যবিয়ের শিকার হয়েছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে বাল্যবিয়ে রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

চ. **ডেইলি স্টার** : অতিরিক্ত মাল বোঝাই গাড়ি বেইলি ব্রিজে ওঠায় বান্দরবানের খানসামা খালের বেইলি ব্রিজটি ভেঙে যাওয়ার বিষয় তুলে ধরে দেশের সব সেতুর বর্তমান অবস্থা জরিপ করে সঠিক মেরামত করার পাশাপাশি যানবাহনে মাল বোঝাইয়ের সঠিক ওজন মাপার যন্ত্র প্রতিটি ব্রিজের পাশে স্থাপনের সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : হাসপাতালে চিকিৎসা নিতে আসা বহিরাগত রোগীদের ১০ শতাংশই ড্রাগ আসক্ত থাকায় আশঙ্কা প্রকাশ করে তরুণ প্রজন্মকে খেলাধুলাসহ আয় রোজগারের কাজে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান, ইনকিলাব** : রেলে যাত্রীদের সেবা বাড়িয়ে মানোন্নত করে যাত্রীদের আকৃষ্ট করার সর্বোত্তম ব্যবস্থা গ্রহণ করার আহ্বান।

ঝ. **নিউ এজ** : ক্ষুদ্র-নৃ গোষ্ঠীর ৩০ লাখ লোকের মাতৃভাষা বাংলা না হওয়ায় তাদের নিজেদের মাতৃভাষায় পাঠদানের পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে ধর্মীয় জঙ্গিবাদ দমনের মতো শিশু হত্যার বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে যথাযথ ব্যবস্থার গ্রহণ করাই এই সময়ের জাতীয় দাবি বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'রাজনীতির কবলে জনগণ'** শিরোনামের নিবন্ধে মো. আতিকুর রহমান রাজনৈতিক দলগুলোকে দেশ ও জনগণের স্বার্থে নিজেদের মধ্যে ঐক্য আনয়নে সচেষ্ট হতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা